



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা

জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ১৮) সভার কার্যবিবরণী :

সভাপতি	মোঃ শাহাদাৎ হোসেন পরিচালক
সভার তারিখ	২৪-০৯-২০১৮
সভার সময়	সকাল : ১১:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়
উপস্থিতি	সংযুক্তি "ক"

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশনের বিদ্যমান নৈতিকতা কমিটির ১ম সভা (জুলাই-সেপ্টেম্বর ১৮) সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) ও অগ্রগতি পরিবীক্ষণ কার্যক্রম ২০১৮-২০১৯ এর নির্ধারিত ১১ টি বিষয়ে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগওয়ারী পর্যালোচনা করেন। এ পর্যায়ে পরিচালক (বাণিজ্যিক), পরিচালক (পরিকল্পনা), মহাব্যবস্থাপক (প্র: ও অর্থ), মহাব্যবস্থাপক (ডিএফও), অধ্যক্ষ (এনএইচটিআই), মহাব্যবস্থাপক (বিউজ), ব্যবস্থাপক (প্রশাসন ও ব্যবস্থাক (আইসিটি) সহ উপস্থিত কর্মকর্তাগণ তাঁদের স্ব স্ব বিভাগের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বক্তব্য রাখেন।

১.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কার্যক্রম ২০১৮-২০১৯ এর ১ম কোয়ার্টারে ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে পরবর্তী কোয়ার্টারগুলোতে এ ধারা অব্যাহত রাখার জন্য সচেতন থাকতে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত :

- (১) বাংলাদেশ পর্যটন করপোরেশনের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) এর অগ্রগতি যথাসময়ে ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৮) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;
- (২) বাংলাদেশ পর্যটন করপোরেশনের ওয়েবসাইটে নিয়মিত শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করতে হবে ;
- (৩) বাপক-এর কর্মকর্তা/কর্মচারীদের official mail/web mail ব্যবহার করতে হবে এবং তাঁদের নিজস্ব ফেইস বুক পেইজে বাপক-এর উন্নয়ন ও আধুনিকায়নে গৃহীত পদক্ষেপ ও নিজ নিজ অভিজ্ঞতা শেয়ার করবেন ;
- (৪) বাংলাদেশ পর্যটন করপোরেশনের বাণিজ্যিক ইউনিটসমূহে অতিথিদের ক্রেডিট কার্ডে বিল পরিশোধে উদ্বুদ্ধ করতে হবে ;
- (৫) বাংলাদেশ পর্যটন করপোরেশনের সেবা সহজীকরণের নিমিত্ত গঠিত কমিটির কার্যক্রম দৃশ্যমান করতে হবে ;
- (৬) বাংলাদেশ পর্যটন করপোরেশন এর প্রধান কার্যালয়ের কর্মচারীগণ এবং বাণিজ্যিক ইউনিটসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অফিসচলাকালীন official ড্রেস পরিধান করতে হবে।
- (৭) বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক আগামী জানুয়ারি ২০১৯ মাসে সুবিধাজনক সময়ে পর্যটন সেবা

সপ্তাহ চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৮) বাংলাদেশ পর্যটন করপোরেশনের আওতাধীন আঞ্চলিক /মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন এবং বাংলাদেশ পর্যটন করপোরেশনের আওতাধীন আঞ্চলিক /মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা বাপকের পরবর্তী বাণিজ্যিক সম্মেলন এর সাথে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহাদাৎ হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০৭.১৩.৫৮১

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৫
০১ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক , পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) অধ্যক্ষ (এনএইচটিআই), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (অবকাশ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) ব্যবস্থাপক , অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) ব্যবস্থাপক, ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট, বাংলাদেশ পর্যটন করপোরেশন



রমেন্দ্র নাথ মণ্ডল
উপব্যবস্থাপক